মানিকগঞ্জে নিরাপদ খাদ্য সুরক্ষায় সাংবাদিকদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

মানিকগঞ্জ – মানিকগঞ্জে নিরাপদ খাদ্য সুরক্ষায় সাংবাদিকদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
আজ রোববার বেলা ১১ টায় বেসরকারি উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান বারসিকের উদ্যোগে আরব ভবন মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা মূলক আলোচনা করেন বাসিকের পরিচালক সৈয়দ আলী বিশ্বাস।
স্বাগত বক্তব্য রাখেন মানিকগঞ্জ প্রেসক্লাব আহ্বায়ক জাহাঙ্গীর আলম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন বারসিকের পরিচালক ও নিউজ পোর্টাল বারসিক উট কমের নির্বাহী সম্পাদক সিলভানুস নামিন, প্রেসক্লাবের সাবেক সহ-সভাপতি সাব্বিরুল ইসলাম,কাবুল উদ্দিন খান,আবুল কালাম আজাদ,বারসিকে আঞ্চলিক পরিচালক বিমল রায় প্রমুখ।
এ কর্মশালায় ৩০ জন সাংবাদিক অংশ গ্ৰহন করেন।